# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
## উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের কার্যালয়
## চরভদ্রাসন,ফরিদপুর।

## সিটিজেন চার্টার (সেবা প্রদান প্রতিশ্রুতি)

| ক্রমিক নং | অফিসের নাম | সেবা | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী | সেবা প্রদান পদ্ধতি (সংক্ষেপে) | সেবা প্রাপ্তির প্রযোজনায় সময় | প্রযোজনায় ফি/ট্যাক্স/ আনুষাঙ্গিক খরচ | সংশ্লিষ্ট আইন/ বিধি/ নীতিমালা | নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|---|---|
| ক | খ | গ | ঘ | ঙ | চ | ছ | জ | ঝ |
| ০১ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয় | সমিতি/ দল গঠন | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | ব্যক্তি বা সংগঠনকে সমিতি/দল গঠনের জন্য আবেদন করতে হয়। আবেদন প্রাপ্তির পর উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কর্তৃক খানা জরিপের মাধ্যমে অভিষ্ঠ জনগোষ্ঠী নির্বাচন করা হয়। অতঃপর সমিতি/ দল গঠনের প্রস্তুতিমূলক সভা করে চূড়ান্ত সভার আয়োজন করা হয়। এ সভা থেকে সমিতি/দলের ব্যবস্থাপনা কমিটির কার্যক্রম পর্যবেক্ষণ করা হয়। কমিটির কার্যক্রম সন্তোষজনক থাকলে সমিতি/দলের স্বীকৃতির জন্য আবেদন করেন এবং পরবর্তীতে সমিতি/দলের স্বীকৃতি প্রদান করা হয়। | ৫৭ দিন (নীতিমাল মোতাবেক | বিনামূল্যে | প্রতিটি প্রকল্প/কর্মসূচির পরিচালন নীতিমালা অনুযায়ী/ অপেক্ষাকৃত অনগ্রসর ও দারিদ্র পীড়িত গ্রাম, ক্ষুদ্র ও প্রান্তিক ভূমিহীন বর্গাচাষি বেকার যুবক বিধবা ও স্বামী পরিত্যক্তা মহিলাগণ অগ্রধিকার পাবেন। | উপপরিচালক সংশ্লিষ্ট জেলা |
| ০২ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয় | মূলধন গঠন | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | অনুমোদিত দল/সমিতির সদস্যদের নিকট থেকে সাপ্তাহিক/ পাক্ষিক সভার দিন শেয়ার/সঞ্চয় জমার জন্য উৎসাহ প্রদান এবং পাশ বহিতে লিপিবদ্ধ করে শেয়ার/সঞ্চয় আদায় করা হয়। আদায়কৃত শেয়ার সঞ্চয় দল/ সমিতির সাপ্তাহিক আদায়শীটে লিপিবদ্ধ করা হয়। পরবর্তীতে উহা ব্যাংকে জমা করা হয় এবং দল/সমিতির হিসাব বহিতে লিপিবদ্ধ করে বাৎসরিক ভিত্তিতে শেয়ার সঞ্চয়ের উপর লভ্যাংশ প্রদান করা হয়। | ৫দিন | বিনামূল্যে | প্রতিটি প্রকল্প/কর্মসূচির পরিচালন নীতিমালা অনুযায়ী যেমন- সাপ্তাহিক ১০-২০ টাকা হারে জমাকৃত শেয়ার/ সঞ্চয়ের উপর লভ্যাংশ প্রদান করা হয়। | উপপরিচালক সংশ্লিষ্ট জেলা |
| ০৩ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয় | প্রশিক্ষণ কার্যক্রম | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | প্রাপ্ত প্রশিক্ষণ তহবিল অনুযায়ী দল/সমিতির সদস্যগণ প্রশিক্ষণের জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসে আবেদন করেন। আবেদনগুলো উপজেলা কমিটির সভায় উপস্থাপন করা হয়। কমিটি কর্তৃক দল/ সমিতির সদস্যদের চাহিদা যোগ্যতা বিবেচনা পূর্বক প্রশিক্ষণার্থী নির্বাচন করা হয়। অতঃপর প্রশিক্ষণ সিডিউল তৈরি, প্রশিক্ষনের বিষয় ও প্রশিক্ষক নির্বাচন করা হয়। কর্তৃপক্ষের বাজেট অনুযায়ী প্রশিক্ষণ সামগ্রী ক্রয় পূর্বক প্রশিক্ষন প্রদানের কাজটি সম্পন্ন করা হয় এবং উহা উর্ধ্বতন অফিসে প্রশিক্ষণ সমাপ্তির প্রতিবেদন প্রেরণ করা হয় | ১৬-২২দিন | বিনামূল্যে | প্রশিক্ষণ সংক্রান্ত নীতিমালা সমিতি/ দলের সদস্য হতে হবে, আয়বৃদ্ধিমূলক কর্মকান্ডের উপর দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান করা হয়। | উপপরিচালক সংশ্লিষ্ট জেলা |
| ০৪ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয় | ঋণ কার্যক্রম | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | অনুমোদিত দল/সমিতির সদস্যগণের নিকট থেকে ঋণের আবেদন পাওয়ার পর ম্যানেজার কর্তৃক দল/ সমিতির সকল সদস্যের ঋণের আবেদন ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও দলের মোট ঋণের কাগজপত্র প্রস্তুত করে উপজেলা দপ্তরে প্রেরণ করা হয়। উপজেলা পল্লী উন্নয়ন দপ্তরে ঋণ আবেদন যাচাই বাছাই করে ঋণ বাছাই কমিটিতে উপস্থাপন করা হয়। ঋণ বাছাই কমিটির সভায় সিদ্ধান্ত গ্রহণ ও উপজেলা ঋণ কমিটির সিদ্ধান্ত গ্রহণ করে ক্ষেত্রে বিশেষে উপপরিচালকের অনুমোদন গ্রহণ করা হয়। পরবর্তীতে সদস্যওয়ারী ঋণ প্রদান করা হয় এবং উক্ত ঋণ আদায় করার পর সাপ্তাহিক ঋণ আদায়শীট প্রস্তুতকরণ ও ঋণ লেজার লিখা হয়। আদায়কৃত ঋণের টাকা ব্যাংকে জমা করে উপজেলা দপ্তরে সংরক্ষণ করা হয়। মাসিক ঋণ বিতরণ ও আদায় প্রতিবেদন প্রস্তুত করে উহা জেলা ও সদর দপ্তরে প্রেরণ করা হয়। | সর্বোচ্চ ১৫দিন | পাশ বহি ও ফরম: ৩০-৫০ টাকা | ক্ষুদ্রঋণ নীতিমালা অনুযায়ী | উপপরিচালক সংশ্লিষ্ট জেলা |

**উপজেলা পর্যায়ে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ঃ**
**উপজেলা পর্যায়ে অবস্থিত উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইউআরডিও) এর কার্যালয়ের মাধ্যমে যেসব সেবা ও সহযোগীতা প্রদান করা হয়ঃ**

* সমিতি/দল (পুরুষ/মহিলা) গঠন, ঋণ গ্রহণে পরামর্শ প্রদান ও এতদসংক্রান্ত যাবতীয় তথ্য ফরম সরবরাহ।
* সদস্যদের শেয়ার ও সঞ্চয় আমানত সংগ্রহের মাধ্যমে নিজস্ব পুঁজি গঠনে সহায়তা করণ;
* সমিতিতে সদস্যগণকে সহজ শর্তে শর্তে কৃষি উৎপাদন ও কৃষি উপকরণের জন্য (সার, বীজ, কীটনাশক এবং সেচযন্ত্রপাতি) ঋণ প্রদান, (ক) সোনালী ব্যাংকের মাধ্যমে কৃষি ঋণ ও (খ) আবর্তক কৃষি ঋণ ব্যবস্থা করা;
* বিভিন্ন প্রকল্প/কর্মসূচির আওত আওতায় অআনুষ্ঠানিক দল গঠন এবং উৎপাদনমূখী ও আয়বৃদ্ধিমূলক কর্মকান্ডের জন্য 'ঋণ সহায়তা প্রদান;
* আনুষ্ঠানিক সমিতির নিবন্ধনের পরপরই এবং অনানুষ্ঠানিক দল গঠনের ৮ (আট) সপ্তাহ পর সদস্যদের ঋণ প্রদানকরা হয়;
* সমবায়ীদের উৎপাদিত শস্যের বাজারজাতকরণের সুযোগ সৃষ্টি এবং ন্যায্য মূল্য প্রাপ্তিতে সহায়তা;
* নারীর ক্ষমতায়ন ও নারী নেতৃত্ব বিকাশে সচেতনতা বৃদ্ধি, নারী নির্যাতন রোধ এবং এবং যৌতুক প্রথা নির্মূলে সচেতনতা সৃষ্টিতে সচেতনতা সৃষ্টিতে সহায়তাঃ
* সদস্যদের বয়ষ্ক বয়ষ্ক শিক্ষা, স্বাস্থ্য, পুষ্টি ও পরিবার পরিকল্পনা ইত্যাদি বিষয়ে পরামর্শ ও সেবা প্রদানঃ
* বৃক্ষ রোপন ও স্যানিটেশন সম্পর্কে সচেতনতা বৃদ্ধি কল্পে পরামর্শ ও সহযোগীতা;
* বীর মুক্তিযোদ্ধা ও তাঁদের পোষ্যদের আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে নাম মাত্র সেবা মূল্যের বিনিময়ে ঋণ প্রদান;
* গ্রামীণ দরিদ্র মানুষের আর্থ-সামাজিক উন্নয়নে সহযোগীতা প্রদান এবং গ্রামীণ নেতৃত্বের বিকাশ ও দেশের অর্থনৈতিক উন্নয়নে দরিদ্র জনগোষ্ঠীকে সম্পৃক্ততা করণ: যোগাযোগের জন্য মোবাইল/টেলিফোন নম্বর গ্রামীন ক্ষুদ্র অবকাঠামোগত উন্নয়ন
* উপজেলা অফিসের কোন কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে অভিযোগ থাকলে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার অফিসের উত্থাপন করা হলে তার প্রতিকার করা হয়;
* উপজেলায় বসবাসরত যেকোন ব্যক্তিকে সেবা সংক্রান্ত তথ্য প্রদানে অফিস প্রতিশ্রুতিবদ্ধঃ

**আজই আপনি বিআরডিবি'র উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার সঙ্গে যোগাযোগ করে আপনার অর্থনৈতিক ও সামাজিক অবস্থা পরিবর্তনের সুযোগ নিন। বিআরডিবি আপনাদের সেবায় নিয়োজিত।**